বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট
আইসিটি বিভাগ
www.fri.gov.bd

সভাপতিঃ ড. মো: জুলফিকার আলী
মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা
সভার তারিখঃ ১৯/৯/২০২১ইং
সভার সময়ঃ বেলা ১২.০০ ঘটিকায়
স্থানঃ সভাপতি মহোদয়ের অফিস কক্ষ
উপস্থিতি "পতাকা ক"

ইনস্টিটিউটের ২০২০-২১ অর্থ বছরের ইনোভেশন টিমের প্রথম সভা ১৯/৯/২০২১ইং তারিখ বেলা ১২.০০ ঘটিকায় ইনস্টিটিউটের মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা (পরিকল্পনা) ও ইনোভেশন অফিসার উপস্থিত ইনোভেশন টিমের সদস্যদের স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অত:পর ইনস্টিটিউটের ২০২১-২২ অর্থ বছরের ই-গভর্ন্যান্স ও ইনোভেশন কর্মপরিকল্পনার উপর বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

| ক্রম | আলোচ্য সূচী | করণীয় | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০১। | উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন | মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রনালয় কর্তৃক ইনস্টিটিউটের ২০২১-২২ অর্থবছরের ই-গভর্ন্যান্স ও ইনোভেশন কর্মপরিকল্পনা অনুযায়ী আগামী ১৬/০৩/২০২২ ইং তারিখের মধ্যে উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন এর বাধ্যবাধকতা থাকায় প্রত্যেক কেন্দ্র উপকেন্দ্র হতে উদ্ভাবনী ধারণা সংগ্রহ করার জন্য কেন্দ্র ও উপকেন্দ্র প্রধান বরাবর পত্র প্রেরণ করা এবং প্রাপ্ত নতুন ধারণা সমূহ থেকে একটি গ্রহনযোগ্য উদ্ভাবনী ধারণা গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | মোহম্মদ শহিদ উল্ল্যাহ, সিস্টেম এনালিষ্ট<br>মো. আশিকুর রহমান, এসএসও |
| ০২। | সেবা সহজিকরণ | বিগত ৬/৯/২০২১ তারিখে অনুষ্ঠিত এটুআই কর্তৃক বিয়াম ফাইন্ডেশান, কক্সবাজারে আয়োজিত সেবা সহজিকরণ কর্মশালায় ইনস্টিটিউট কর্তৃক "বিএফআরআই প্রযুক্তি বিষয়ক কারিগরি সহায়তা প্রদান" শীর্ষক সেবাটি সহজীকরণের জন্য নির্বাচন করা হয় সেবাটি বর্তমান অর্থবছরে ইনস্টিটিউট এর সেবা সহজিকরণ কার্যক্রমে যুক্ত করে প্রজ্ঞাপন জারীর বিষয়ে কর্তৃপক্ষের অনুমোদনের নিমিত্ত প্রেরনের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | মো. আবুল বাশার, প্রকল্প পরিচালক<br>মো. আশিকুর রহমান, এসএসও |
| ০৩। | সেবা ডিজিটাইজেশন | মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রনালয় কর্তৃক ইনস্টিটিউটের ২০২১-২২ অর্থবছরের ই-গভর্ন্যান্স ও ইনোভেশন কর্মপরিকল্পনা অনুযায়ী আগামী ৩০/১২/২০২১ ইং তারিখের একটি সেবা ডিজিটাইজেশন করার বাধ্রবাধকতা রয়েছে। সে অনুযায়ী প্রত্যেক কেন্দ্রে ও উপকেন্দ্র হতে ডিজিটাল সেবার ধারণা সংগ্রহ করার জন্য কেন্দ্র ও উপকেন্দ্র প্রধান বরার পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। এবং প্রাপ্ত সেবার মধ্যে থেকে গ্রহনযোগ্য সেবাটি ডিজিটালাইজ করার ব্যাপারে পরবর্তী পদক্ষেপ গ্রহন করা যেতে পারে। | মোহম্মদ শহিদ উল্ল্যাহ, সিস্টেম এনালিষ্ট<br>মো. আশিকুর রহমান, এসএসও |
| ০৪। | ই-নথির বৃদ্ধি ব্যবহার | মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রনালয় কর্তৃক নির্দেশনা থাকায় এবং ইনস্টিটিউটের ২০২১-২২ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি মোতাবেক কমপক্ষে ৮০ ভাগ নোট ই-নথির মাধ্যমে সম্পন্ন করার নির্দেশনা থাকায় ই-নথির ব্যবহার বৃদ্ধিতে সবাইকে সচেষ্ট থাকার পরামর্শ প্রদান করার নির্দেশনা প্রদান করা হয় এবং এ বিষয়ে সকল কেন্দ্রকে উৎসাহ প্রদানের ব্যবস্থা গ্রহনের পাশাপাশি প্রত্যেক কেন্দ্রে ই-নথির ব্যবহার বৃদ্ধি করার লক্ষ্যে সদর দপ্তরসহ বিভিন্ন কেন্দ্র প্রধান বরাবর পত্র প্রেরণ করতে হবে। | মোহম্মদ শহিদ উল্ল্যাহ, সিস্টেম এনালিষ্ট |
| ০৫। | চতুর্থ শিল্প বিল্পবের চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয়, বিষয়ে অবহিতকরণ সভা/কর্মশালা আয়োজন | মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক চতুর্থ শিল্প বিল্পবের চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয়, বিষয়ে অবহিতকরণ সভা/কর্মশালা আয়োজন নির্ধারিত সময় মধ্যে ৩টি সভা ও ১টি কর্মশালা করার সিদ্ধান্ত গৃহিত হয়। | মোহম্মদ শহিদ উল্ল্যাহ, সিস্টেম এনালিষ্ট<br>মো. আবুল বাশার, প্রকল্প পরিচালক |
| ০৬। | তথ্য বাতায়ন হালনাগাদ করণ | লক্ষ্যমাত্রা অনুযায়ী তথ্য বাতায়নের সেবা বক্সসমূহ হালনাগাদ এবং ইনস্টিটিউটের বিভিন্ন প্রকাশনা ও তথ্যাদি তথ্য বাতায়নে প্রকাশ করার সিদ্ধান্ত গৃহিত হয়। | মোহম্মদ শহিদ উল্ল্যাহ, সিস্টেম এনালিষ্ট |

| | | | |
|---|---|---|---|
| ০৭। | ই-গভনের্ন্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন | • ই-গভর্ন্যান্স ও ইনোভেশন কর্মপরিকল্পনা অনুযায়ী ই-গভর্নেন্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়নের জন্য প্রশিক্ষণ আয়োজনের সিদ্ধান্ত গৃহিত হয়।<br>• ইনোভেশন কর্মপরিকল্পনা বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় অর্থ বরাদ্দসহ বরাদ্দকৃত অর্থ লক্ষ্যমাত্রা অনুযায়ী ব্যয় করার ব্যাপারে সচেতন থাকার সিদ্ধান্ত গৃহিত হয়।<br>• মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক ই-গভর্ন্যান্স ও ইনোভেশন কর্মপরিকল্পনার অর্ধ-বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন উল্লিখিত ১২/০১/২০২২ ইং তারিখের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগ/ উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ করতে হবে।<br>• মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রনালয়ের নির্দেশনা অনুযায়ী ০৫/২০২২ ইং তারিখের মাঝে দেশের অভ্যন্তরে পার্শ্ববর্তী একটি সংস্থার সাথে বাস্তাবায়িত ন্যূনতম একটি উদ্যোগ পরিদর্শনের সিদ্ধান্ত গৃহিত হয়। | মোহম্মদ শহিদ উল্ল্যাহ, সিস্টেম এনালিষ্ট<br>মো. আবুল বাশার, প্রকল্প পরিচালক<br>মো. আশিকুর রহমান, এসএসও |

সভায় আর কোন বিষয় না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২০/৯/২০

(ড. মো: জুলফিকার আলী)
মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা

স্মারক নং 33.08.0000.112.01.001.17.5

তারিখ: ২০/০৯/২০২১ ইং

**জ্ঞাতার্থে/কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:**

১. পরিচালক (গবেষণা ও পরিকলল্পনা), বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট।
২. পরিচালক (প্রশাসন ও অর্থ), বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট।
৩. জনাব মোহাম্মদ শহিদ উল্যাহ, সিস্টেম এনালিষ্ট, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, ময়মনসিংহ- সদস্য
৪. জনাব মোঃ আবুল বাশার, উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, নদী কেন্দ্র, চাঁদপুর- সদস্য
৫. মহাপরিচালক মহোদয়ের স্টাফ অফিসার, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট (সদয় অবগতির জন্য)
৬. সংশ্লিষ্ট নথি/মাস্টার নথি।

২০/০৯/২১
মোঃ আশিকুর রহমান
উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা
ও সদস্য সচিব, ইনোভেশন টিম,
বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট